Amit Kundu
28/11/19

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 3rd Term Examination (Model Answer)

**Sub:** BENGALI GRAMMAR & COMP. **Class:** 5A, 5C **F. M.** 90

**Duration:** 2 HOURS 30 MINUTES **Date:** 27.11.2019

### বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ (বাক্যটি লিখবে) (১x৫=৫)

(১) বিশেষণ পদকে কয়ভাগে ভাগ করা যায়?

(ক) দুই

(২) আমাদের চারপাশের প্রকৃতির নানা শব্দ বা ধ্বনির অনুকরণে যেসব অব্যয় গঠিত হয়, তাদের বলে —

(খ) অনুকার অব্যয়

(৩) যে ক্রিয়া কেবল কর্তাকেই অবলম্বন করে, কর্মের অস্তিত্ব থাকে না, তাকে বলে —

(ক) অকর্মক ক্রিয়া

(৪) সত্য না মিথ্যা তা বাক্যটি লিখে তার পাশে লেখো —

শব্দের মধ্যে বিভক্তি থাকে না, কিন্তু পদে বিভক্তি থাকে। — সত্য

(৫) একটি শব্দের যতটুকু অংশ বাগযন্ত্রের সবচেয়ে কম চেষ্টায় একসঙ্গে উচ্চারিত হয়, তাকে বলে —

(ক) অক্ষর

২। প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ- (১x২০=২০)

(১) ছেলেটি খুব জোরে দৌড়চ্ছে। - বাক্যটি বিশেষণের বিশেষণ সূচক বাক্য। (সত্য/মিথ্যা তা লেখো)। (১)

(২) বিভক্তি কয় রকমের ও কি কি? — দুই, নাম বা শব্দ বিভক্তি, ধাতুবিভক্তি। (২)

(৩) দুটি যৌগিক স্বরের নাম কি? — ঐ, ঔ। (১)

(৪) লিঙ্গ পরিবর্তন কর ঃ- শিষ্য, কিশোর, বিদেশী, গায়ক, জনক (৫)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| শিষ্য | — | শিষ্যা | কিশোর | — | কিশোরী |
| বিদেশী | — | বিদেশিনী | গায়ক | — | গায়িকা |
| জননী | — | জননী | | | |

(৫) রাম অথবা শ্যাম দুজনের একজন খেলবে। (রেখাচিহ্নিত অব্যয়টি কোন্ শ্রেণীর?) — বাক্যান্বয়ী অব্যয়

(৬) সন্ধি বিচ্ছেদ করো ঃ- রবীন্দ্র, মাত্রাধিক্য (২)

রবীন্দ্র — রবি + ইন্দ্র মাত্রা + আধিক্য

(৭) পদ পরিবর্তন করো ঃ- ধাতু, সাহিত্য, ভূগোল, পিতা, নীল। (৫)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ধাতু | — | ধাতব | সাহিত্য | — | সাহিত্যিক |
| ভূগোল | — | ভৌগোলিক | পিতা | — | পৈর্তৃক |
| নীল | — | নীলিমা | | | |

(৮) বিপরীত শব্দ লেখো ঃ- সন্ধ্যা, শত্রু, ভাগ্য, সুধা। (৪)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সন্ধ্যা | — | প্রভাত | শত্রু | — | মিত্র |
| ভাগ্য | — | দুর্ভাগ্য | সুধা | — | বিষ |

## বিভাগ - খ

৩। **প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও (একটি বা দুটি শব্দে) ঃ-** **(২x৫=১০)**

(১) য, র, ল, ব - বর্ণগুলির নাম কি? বাংলায় কয়টি স্বরবর্ণ আছে? (২)
উত্তর ঃ অন্তঃস্থবর্ণ। ১১টি।

(২) স্পর্শ বর্ণে কয়টি বর্ণ বর্তমান? প, ফ, ব, ভ, ম - বর্ণগুলি কোন্ বর্ণের ভাগ? (১+১)
উত্তর ঃ ২৫টি। ওষ্ঠ্যবর্ণ।

(৩) নামপদ কয় প্রকার? বালক + এরা — 'এরা' কি? (১+১)
উত্তর ঃ চার প্রকার। বিভক্তি।

(৪) পদ পরিবর্তন কর ঃ- গঙ্গা, কিশোর (১+১)
উত্তর ঃ গঙ্গা — গাঙ্গেয়, কিশোর — কৈশোর।

(৫) বিপরীত শব্দ লেখ ঃ- পতন, আচার (১+১)
উত্তর ঃ পতন — উত্থান, আচার — অনাচার।

৪। **প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) ঃ-** **(৩x৫=১৫)**

(১) সন্ধি কাকে বলে? সন্ধি কয় প্রকার ও কি কি উদাহরণ দাও।
উত্তর ঃ বর্ণে বর্ণে মিলন। তিন প্রকার — স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি, বিসর্গসন্ধি।

| | | | | |
|---|---|---|---|---|
| উদাহরণ - | দশানন | — | দশ + আনন | (স্বরসন্ধি) |
| | দিগন্ত | — | দিক + অন্ত | (ব্যঞ্জনসন্ধি) |
| | নিরবধি | — | নিঃ + অবধি | (বিসর্গসন্ধি) |

(২) অনুজ্ঞাবোধক বাক্য কাকে বলে? উদাহরণ দাও।
উত্তর ঃ যে বাক্য দ্বারা বক্তার আদেশ, অনুরোধ প্রভৃতি মনোভাব সূচিত হয়। যেমন - কাজটা এখুনি কর।

(৩) জাতিবাচক বিশেষ্য কাকে বলে? উদাহরণ দাও।
উত্তর ঃ যে বিশেষ্যপদ দ্বারা একটি মাত্র প্রাণী বা বস্তুকে না বুঝিয়ে ঐ জাতীয় সমস্ত বস্তুকে বা প্রাণীকে বোঝায়। যেমন — মানুষ, সিংহ।

(৪) ক্রিয়াবিশেষণ কাকে বলে? উদাহরণ দাও।
উত্তর ঃ যে বিশেষণ পদ দ্বারা ক্রিয়া কেমনভাবে হয় বা ঘটে, তা বুঝিয়ে দেয়। যেমন — হরিণ দ্রুত ছোটে।

(৫) পদান্বয়ী অব্যয় কাকে বলে? উদাহরণ দাও।

উত্তর ঃ যেসব অব্যয়পদ বাক্যের মধ্যে এক পদের সঙ্গে অন্য পদের অন্বয় বা সম্বন্ধ স্থাপন করে। যেমন - দ্বারা, দিয়া, সঙ্গে।

(৬) উদ্দেশ্য ও বিধেয় কাকে বলে? দৃষ্টান্ত দাও।

উত্তর ঃ উদ্দেশ্য হল বাক্যের মধ্যে যার সম্বন্ধে বা যাকে উদ্দেশ্য করে কিছু বলা হয় এবং বিধেয় হল, উদ্দেশ্য সম্বন্ধে যা কিছু বলা হয়। যেমন — রামচন্দ্র (উদ্দেশ্য) রাজা দশরথের জ্যেষ্ঠ পুত্র (বিধেয়)।

(৭) লিঙ্গ কাকে বলে? লিঙ্গ কয় প্রকার ও কি কি? প্রতিটির শব্দে একটি করে উদাহরণ দাও।

উত্তর ঃ যে চিহ্ন বা লক্ষণের সাহায্যে প্রকৃতিতে অবস্থিত বস্তুসমূহ পুরুষ, স্ত্রী, ক্লীব — তা বোঝা যায়।

লিঙ্গ তিন প্রকার — পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, ক্লীবলিঙ্গ।

যেমন ঃ পুংলিঙ্গ — পিতা, স্ত্রী লিঙ্গ — মাতা, ক্লীবলিঙ্গ — গাছ।

## বিভাগ - গ

৫। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ-** **(৫x২=১০)**

(ক) বাক্য কাকে বলে? বাক্যকে কয় ভাগে ভাগ করা যায়? সেগুলির উদাহরণ দাও। (২+১+২)

- যে পদগুলির দ্বারা বক্তার মনের ভাব সম্পূর্ণভাবে ব্যক্ত হয়।
- বাক্য মূলত দুভাগে ভাগ করা হয়। (১) অস্ত্যর্থক (২) ন্যস্ত্যর্থক। অস্ত্যর্থক আবার প্রশ্নবোধক, অনুজ্ঞাবাচক, ইচ্ছাসূচক, আবেগসূচক এই চারভাগে বিভক্ত।

(খ) স্পর্শ বর্ণ কাকে বলে? উদাহরণ দাও। (৩+২)

- যে বর্ণগুলি আমাদের মুখের কোন না কোন অংশ স্পর্শ করে উচ্চারিত হয়। যেমন - ক, চ, ট, ত, প।

(গ) বিশেষণ পদ কাকে বলে? বিশেষণের শ্রেণীবিভাগ করে প্রতিটির একটি করে উদাহরণ দাও। (২+৩)

- বিশেষণ পদ - যে পদ দ্বারা কোনো বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয়, ক্রিয়ার গুণ, দোষ, অবস্থা, সংখ্যা, পরিমান বোঝায়।
- বিশেষণ মূলত দু প্রকার — নাম বিশেষণ ও ক্রিয়া বিশেষণ। নাম বিশেষণ আবার বিশেষ্যের বিশেষণ, বিশেষণের বিশেষণ, সর্বনামের বিশেষণ, অব্যয়ের বিশেষণ এই চার ভাগে বিভক্ত।

যেমন — খোলা আকাশ। (বিশেষ্যের বিশেষণ)

প্রধান শিক্ষক খুব কড়া মানুষ। (বিশেষণের বিশেষণ)

মুগ্ধ আমি তোমায় দেখে। (সর্বনামের বিশেষণ)

শত ধিক মিথ্যাবাদীকে। (অব্যয়ের বিশেষণ)

ধীরে বহে নদী। (ক্রিয়া বিশেষণ)

৬। চিঠি লেখো (যে কোনো একটি) ঃ- (১x১৪=১৪)

(ক) তোমার বিদ্যালয়ে শিক্ষক দিবস পালন অনুষ্ঠানের খবর জানিয়ে তোমার প্রিয় বন্ধুকে একটি চিঠি লেখো।

(খ) ক্লাস ফাইভে এই একটা বছর তুমি কেমন কাটালে সেই সম্পর্কে তোমার প্রিয় দাদা/ বন্ধুকে একটি চিঠি লেখো।

উত্তর ঃ
- প্রতিটি চিঠির বিন্যাস যেন সঠিক হয় এবং বিষয়ের আলোচনা অনুযায়ী লিখবে।
- চিঠির খাম আঁকবে এবং খামের উপর প্রাপক ও প্রেরকের ঠিকানা লিখবে ডাকটিকিটসহ।

৭। রচনা লেখো (যে কোনো একটি) (কমবেশি ১৫০ শব্দে) ঃ- (১x১৬=১৬)

(ক) পরিবেশ রক্ষায় গাছের প্রয়োজনীয়তা

(খ) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর

(গ) বাঙালীর প্রিয় উৎসব

উত্তর ঃ
- প্রতি রচনার বিষয় অনুচ্ছেদ ভাগ করে লিখবে।
- ভূমিকা ও উপসংহার থাকবে।
- বিষয়ের যথাযথ আলোচনা থাকবে।

*********